



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩৯.২৪.৪৬৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১

১২ মে ২০২৪

বিষয়: অ্যাটর্নি জেনারেলের কার্যালয়-এর সাথে যোগাযোগ সাপেক্ষে রিট পিটিশন নং ৩৮৫৯/২০২৪ মোকদ্দমায় প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৩৮৫৯/২০২৪-এর ২১/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন বরিশাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ রফিকুল ইসলাম সরকার-কে গত ১৯/০৩/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৩.১৬-২৪৯ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম সরকার সংস্কৃত হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৮৫৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ২নং এবং জেলা প্রশাসক, গাইবান্ধা-কে ৩নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়-এর সাথে যোগাযোগ সাপেক্ষে বিবেচ্য মোকদ্দমায় প্রদত্ত বুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8930/potrojariAttachmentRef/53879/0/2240)

১২-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব সানজিদা খানম, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার
বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৩৯.২৪.৪৬৫/১(৫)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১

১২ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (ব্লুটিন দায়িত্ব)